

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৬৮০০.০১৭.২৭.০০১.১৬(অংশ-১)-১৬৬

তারিখ : ০১ ফালগুন, ১৪২৩ বঙ্গাব্দ।
১৩ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিঃ।


অফিস আদেশ

যেহেতু নরসিংদী জেলার সদর উপজেলার পাইকারচর ইউনিয়নের ০৫ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ দেলোয়ার হোসেন দেলু পর পর ইউনিয়ন পরিষদের ৬(ছয়)টি মাসিক সভায় অনুপস্থিত রয়েছেন এবং উক্ত সদস্যের বিরুদ্ধে নরসিংদী থানায় দায়েরকৃত মামলা নং-৭৩ (৫) ১৬, ধারা ১৯০৮ সালের বিস্ফোরক দ্রব্য উপাদানকারী আইনে ৩/৫ তৎসহ ১৪৩/৩২৬(ক)/৩০৭ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, উল্লিখিত ইউনিয়ন পরিষদ সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী বিচারাধীন মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় এবং একই আইনের ৩৪(৪)(ক) অনুযায়ী যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে পরিষদের পর পর ০৬(ছয়)টি সভায় অনুপস্থিত থাকায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উক্ত ইউনিয়ন পরিষদের সদস্য জনাব মোঃ দেলোয়ার হোসেন দেলুকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।



(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৬৮০০.০১৭.২৭.০০১.১৬(অংশ-১)-১৬৬

তারিখ : ০১ ফালগুন, ১৪২৩ বঙ্গাব্দ।
১৩ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, নরসিংদী।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর, নরসিংদী।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব মোঃ দেলোয়ার হোসেন দেলু, সদস্য (সাময়িক বরখাস্তকৃত), ০৫নং ওয়ার্ড, পাইকারচর ইউনিয়ন পরিষদ, সদর, নরসিংদী।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব